Times Today BD

স্পোর্টস ডেস্ক | খেলা | 27 April, 2025

প্রথম টেস্টে জিম্বাবুয়ের কাছে হেরেছে বাংলাদেশ। সে হার বাংলাদেশ ক্রিকেটকে নাড়িয়েই দিয়েছে রীতিমতো। সোমবার থেকে শুরু হতে যাওয়া দ্বিতীয় টেস্টে সে হারের শোধ তোলার দারুণ সুযোগ বাংলাদেশের সামনে। সে টেস্টের আগে দলের প্রধান কোচ ফিল সিমন্স সমর্থকদের ধৈর্য ধরার আহ্বান জানিয়েছেন।চট্টগ্রামে দ্বিতীয় টেস্টের আগে তিনি বলেছেন, টিম ম্যানেজমেন্ট দীর্ঘমেয়াদি উন্নতির জন্য কাজ করছে।

সিলেটে প্রথম টেস্টে জিম্বাবুয়ের কাছে তিন উইকেটে হেরেছে নাজমুল হোসেন শান্তর দল। ফলে ১-০ ব্যবধানে পিছিয়ে পড়েছে বাংলাদেশ। টানা চার বছর টেস্ট না জেতা জিম্বাবুয়ের বিপক্ষে এই হার ভক্তদের মধ্যে ব্যাপক ক্ষোভ তৈরি করেছে।

চট্টগ্রামে সংবাদ সম্মেলনে সিমন্স বলেন, 'বাংলাদেশি জনগণের ক্রিকেটের প্রতি যে আবেগ, তা সত্যিই অনন্য। আমি তাদের কাছে ধৈর্য চাইছি। আমরা সঠিক প্রক্রিয়া গড়ে তুলতে কাজ করছি যাতে ভবিষ্যতে উন্নতি আসে।'

শুধু সমর্থকদের নয়, খেলোয়াড়দেরও পরামর্শ দিয়েছেন তিনি। কী সে পরামর্শ? তিনি বলেন, 'খেলোয়াড়দের বলেছি, আমাদের কিছু সহজ ভুলে আউট হতে হয়েছে। সামনে এগিয়ে যেতে হলে এসব এড়াতে হবে। শুধু দুই-তিনটি টেস্টে ভালো খেলে চলবে না, ধারাবাহিক পারফরম্যান্স লাগবে।'

দ্বিতীয় টেস্টে বাংলাদেশ দলে থাকছেন না পেসার নাহিদ রানা। তিনি পাকিস্তান সুপার লিগে

(পিএসএল) খেলতে পাকিস্তান যাচ্ছেন।ফলে টাইগারদের বোলিং আক্রমণে গতি কমছে বেশ।

তবে সিমন্স আত্মবিশ্বাসী, দলে থাকা পেসাররাই কাজ করতে পারবেন।তিনি বলেন, ‘আমরা গতি হারিয়েছি ঠিক, কিন্তু দক্ষতা হারাইনি। এই কন্ডিশনে দক্ষতাই বেশি গুরুত্বপূর্ণ। হাসান মাহমুদ, খালেদ আহমেদ এবং তানজিম সাকিবের দক্ষতার ওপর আমরা আস্থা রাখছি।আশা করি, তারা পারফর্ম করতে পারবে।’

যদিও চট্টগ্রামের এই টেস্টের জন্য নাহিদ রানার জায়গায় দলে এসেছেন স্পিনার তানভির ইসলাম।দলে এখন স্পিনারের সংখ্যা দাঁড়াল ৪-এ।মেহেদি হাসান মিরাজ, তাইজুল ইসলাম আর নাঈম হাসানের সঙ্গে তানভির, দলে এখন পেসারের চেয়ে স্পিনারের উপস্থিতিই বেশি।

এদিকে প্রথম টেস্টে জিম্বাবুয়ের পেস আর বাউন্সের কাছেই হার মানতে হয়েছে বাংলাদেশকে। সব মিলিয়ে দ্বিতীয় টেস্টে স্পিন উইকেট বানিয়ে সেখানে জিম্বাবুয়েকে বধ করার ভাবনাও থাকা অস্বাভাবিক কিছু নয়।শেষমেশ পেস নাকি স্পিন কোন পথে হাটে বাংলাদেশ, সে প্রশ্নের জবাব মিলবে আগামীকাল সোমবার।

বাংলাদেশ প্রধান কোচ সমর্থক

© 2025 TimesToday. All Rights Reserved.

Generated on 29 June, 2025 01:17

URL: https://www.timestodaybd.com/sports/1522179838